

**প্রেস বিজ্ঞপ্তি**  
**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা মহানগরের বাজার তদারকিঃ**  
**বিভিন্ন অপরাধে ৫টি প্রতিষ্ঠানকে ১.৮২ লক্ষ টাকা জরিমানা**

৬ জুন ২০১৭ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ৩টি মোবাইল টিমের নেতৃত্বে ঢাকা মহানগরের ওয়ারি, তেজগাঁও ও কলাবাগান এলাকায় আজ বাজার তদারকি করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমান কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর ওয়ারি এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য/ইফতার তৈরীর অপরাধে মাদানি রেস্তোরা ও তন্দুরি নাইটকে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকাসহ মোট ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য/ইফতার তৈরীর অপরাধে ক্যাফে আলী রেস্টুরেন্টকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা ও কলাবাগান এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য/ইফতার তৈরীর অপরাধে অষ্টব্যঞ্জনকে ১৭,০০০/- (সতের হাজার) টাকাসহ মোট ৩২,০০০/- (বত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজনী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য/ইফতার তৈরীর অপরাধে কুটুমবাড়ীকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৩টি বাজার তদারকির মাধ্যমে ৫টি প্রতিষ্ঠানকে মোট ১,৮২,০০০/- (এক লক্ষ বিরাশি হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

(মো: মাসুম আরেফিন)

সহকারী পরিচালক (তদন্ত)

ফোনঃ ০২-৮১৮৯৪১১

ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। মহাপরিচালক, র্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা।
- ৭। পুলিশ সুপার, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।